



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

০৯ ফাল্গুন ১৪২৯

তারিখঃ

২২ ফেব্রুয়ারি ২০২৩

ডিএফআইএম সার্কুলার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**কর্মকর্তা পদোন্নতি নীতিমালায় ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা পাশ বাধ্যতামূলক করা প্রসঙ্গে।**

আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তাদের আর্থিক খাতের আইন ও নিয়মাচার অনুশীলন সম্পর্কিত বিষয়ে জ্ঞান অর্জন অত্যাবশ্যিক। দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক পরিচালিত দুই পর্বের (JAIBB ও DAIBB) ব্যাংকিং ডিপ্লোমা ডিগ্রি কর্মকর্তাগণের আর্থিক খাত সম্পর্কিত জ্ঞান অর্জন ও যাচাইয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

০২। এ প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তাদের দক্ষতা, যোগ্যতা এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সিনিয়র অফিসার অথবা সমতুল্য পদের পরবর্তী সকল পদে পদোন্নতির যোগ্যতার তালিকায় অন্তর্ভুক্তির জন্য দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক পরিচালিত ব্যাংকিং ডিপ্লোমা উভয় পর্ব (JAIBB ও DAIBB) পাশ বাধ্যতামূলক করা হলো।

০৩। আর্থিক প্রতিষ্ঠানসমূহের দৈনন্দিন পরিচালনা কার্যক্রমে সরাসরি সংশ্লিষ্ট নয়, যেমন: ডাক্তার, আইন কর্মকর্তা, প্রকৌশলী (পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎকৌশল ও আইটি প্রফেশন এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা) এবং প্রচার ও প্রকাশনা পদে নিয়োগকৃত কর্মকর্তাদের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে না।

০৪। এ নির্দেশনা ০১ জানুয়ারি ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।